দৈনিক জনকণ্ঠ

তারিখ APR. 14 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

74

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাধ্যমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প
শিক্ষা ভবন, দ্বিতীয় ব্লক (দোতালা)
১৬, আব্দুল গনি রোড, ঢাকা-১০০০

## বিজ্ঞপ্তি

স্মারক নংঃ মাশিউপ্র/বা-ইউ/৪৮৪৯ তাঃ ০৬-০৪-৯৯

**বিষয় ঃ বি. এড কোর্সের পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী পাঠ্যপুস্তক প্রণয়নের জন্য লেখক/লেখিকা নির্বাচন প্রসঙ্গে।**

মাধ্যমিক শিক্ষা উন্নয়ন প্রকল্পের মাধ্যমে টিচার্স ট্রেনিং কলেজসমূহের বি. এড কোর্সের পরিমার্জিত শিক্ষাক্রম জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদন লাভ করেছে এবং এ শিক্ষাক্রম ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষ হতে সকল টিচার্স ট্রেনিং কলেজে প্রবর্তন করা হয়েছে। পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী বি.এড কোর্সের পাঠ্যপুস্তক প্রণয়নের নিমিত্তে লেখক/লেখিকা নির্বাচনের জন্য আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। নির্বাচিত লেখক/লেখিকাদের নতুন শিক্ষাক্রম সরবরাহ করা হবে যার ভিত্তিতে তাঁরা নতুন পাঠ্যপুস্তক প্রণয়ন করে পান্ডুলিপি'র ০৩ (তিন) প্রস্থ নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা দিবেন।

**লেখক/লেখিকা নির্বাচনের প্রাক যোগ্যতা ঃ**

০১। বি. এড কোর্সের পাঠ্যবই, সৃজনশীল রচনা/ প্রবন্ধ/ নিবন্ধ/ গবেষণামূলক প্রবন্ধ প্রণয়ন ইত্যাদির অভিজ্ঞতা থাকতে হবে।
০২। টিচার্স ট্রেনিং কলেজ/সাধারণ কলেজে শিক্ষকতায় দীর্ঘ অভিজ্ঞতা থাকতে হবে।
০৩। পাঠদান পদ্ধতি ও কলাকৌশলের উপর আধুনিক ধ্যান-ধারণা থাকতে হবে।
০৪। পাঠ্যপুস্তক লেখকদের শিক্ষাক্রম উন্নয়ন, পাঠ্যসূচি প্রণয়ন সম্পর্কে অভিজ্ঞতা থাকা অতিরিক্ত যোগ্যতা বলে বিবেচিত হবে।
০৫। শিক্ষক প্রশিক্ষণ ও শিখন শেখানোর কলা-কৌশল সম্পর্কে লেখকদের অভিজ্ঞতা বিশেষ বিবেচনা লাভ করবে।
০৬। পাঠ্যপুস্তক লেখকদের উচ্চতর ডিগ্রী অতিরিক্ত যোগ্যতা হিসাবে ধরা হবে।
০৭। জাতীয় বা আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃত কোন পাঠ্যপুস্তক/ গবেষণা কর্ম/ প্রকাশনা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০৮। বিষয়ের উপর সর্বশেষ তত্ত্ব ও তথ্য সম্পর্কে ওয়াকেবহাল হতে হবে।
০৯। দেশের শিক্ষা ব্যবস্থা, আর্থ-সামাজিক অবস্থা, শিক্ষা প্রতিষ্ঠানে প্রাপ্ত সুযোগ-সুবিধা, শিক্ষকের যোগ্যতা ও শিক্ষাদানের মান এবং শিক্ষার্থীদের ধারণ ক্ষমতা ইত্যাদি সম্পর্কে সম্যক অবহিত থাকতে হবে।
১০। পরিমার্জিত শিক্ষাক্রমে চিহ্নিত উদ্দেশ্য, বিষয়বস্তু, শিখন ফল পাঠ্যপুস্তকে কিভাবে পুরোপুরি প্রতিফলিত করতে হয় সে সম্বন্ধে সম্যক ধারণা থাকতে হবে।

উপরে বর্ণিত যোগ্যতাসম্পন্ন ইচ্ছুক এবং আগ্রহী লেখকগণ নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা (সকল পরীক্ষা পাশের সন ও প্রাপ্ত বিভাগ/শ্রেণীসহ), চাকুরীর বিস্তারিত বিবরণ, সর্বশেষ বেতনস্কেল, প্রকাশনা (যদি থাকে) এবং প্রাসঙ্গিক অন্যান্য তথ্যাবলী উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারীর নিকট আগামী ২০-০৪-৯৯ তারিখের মধ্যে আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ডিএফপি-৭৩৬১-৮/৪
স-৯০৪/৯৯ (৯ X ২)
Tender-I (13-4) HD-3

ডঃ মোঃ গোলাম রসুল মিয়া
প্রকল্প পরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক শিক্ষা উন্নয়ন প্রকল্প।